কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০২০.১১.০০৩.২২.৭৪৭ তারিখঃ ২৭ /০৬/২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ৩০ জুন ২০২৫ তারিখ সোমবার শুধুমাত্র ১ (এক) দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের পর উক্ত তারিখের পত্রিকার ৪ (চার) কপি এবং বিলের ২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০৬/২০২৫

(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস)
ফোনঃ ৪১০২৫২৫৩
ইমেইল: a.mottakin@barc.gov.bd

সংযুক্তিঃ নিয়োগ বিজ্ঞপ্তির কপি।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সম্পাদক, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯।
২) সম্পাদক, The Daily Dhaka Tribune, 8/c, FR টাওয়ার, পান্থপথ, ঢাকা ১২০৭।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১) পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২) প্রিন্সিপাল লাইব্রেরীয়ান, বিএআরসি, ঢাকা। (বিজ্ঞাপনটি পত্রিকায় প্রকাশের পর পত্রিকার কপি সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৩) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ঢাকা।

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং- ১২.২০.০০০০.০২০.১১.০০৩.২২.১৪৪৮

তারিখঃ ২৯ জুন, ২০২৫ খ্রিঃ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের রাজস্ব খাতভুক্ত নিম্নলিখিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | প্রোগ্রামার<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>(গ্রেড-৬) | ৩৫ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী। |
| ২. | যানবাহন পরিদর্শক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ৩২ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার টেকনোলজি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৩. | রক্ষণাবেক্ষণ পরিদর্শক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ৩২ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪. | প্রধান সহকারী<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ৩২ বৎসর | ০৩ (তিন) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ উচ্চমান সহকারী বা সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। |
| ৫. | ওয়ার্ড প্রসেসিং সহকারী<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ৩২ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬. | পিএ/সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩) | ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) (অ)'সাঁটলিপি' পরীক্ষায় ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৮০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৫০ শব্দ এবং<br>(আ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২৫ শব্দ। |
| ৭. | অডিটর<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩) | ৩২ বৎসর | ০২ (দুই) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৮. | টেলিফোন অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩২ বৎসর | ০১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৯. | স্টোর ক্লার্ক- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে নিম্নরূপ,যথা:-<br>(অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(আ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ১০. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩২ বৎসর | ০২ (দুই) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ। |
| ১১. | ইলেকট্রিশিয়ান<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩২ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ১২. | প্লাম্বার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩২ বৎসর | ০১ (এক) | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ১৩. | পাম্প অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ৩২ বৎসর | ০১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ১৪. | ডেসপাস রাইডার<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>(গ্রেড-১৮) | ৩২ বৎসর | ০১ (এক) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী। |
| ১৫. | অফিস সহায়ক<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড-২০) | ৩২ বৎসর | ১৮ (আঠারো) | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

আবেদন ফর্ম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। ০১-০৭-২০২৫ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে এবং সর্বনিম্ন বয়সসীমা হতে হবে ১৮ (আঠারো) বছর।

২। ১ (এক) নং ক্রমিকে উল্লিখিত পদের নিয়োগ যোগ্যতার ক্ষেত্রে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হয়েছে এবং ০৬ (ছয়), ১০ (দশ) ও ১৫ (পনের) নং ক্রমিকে উল্লিখিত পদের নিয়োগ যোগ্যতার ক্ষেত্রে মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হয়েছে।

৩। সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।

৪। সরকারি, আধা-সরকারি, সংবিধিবদ্ধ ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৭। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicant's Copy সহ সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে উক্ত দাবীর স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র কিংবা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপিসহ কোটার স্বপক্ষে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত এক বা একাধিক পদের নিয়োগ কার্যক্রম বাতিল, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১০। ১৮ মার্চ ২০২৪খ্রিঃ তারিখের; ডেইলি অবজারভার এবং দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত, ১৩ মার্চ ২০২৪খ্রিঃ, তারিখের; ১২.২০.০০০০.০২০.১১.০০৩.২২.৭৬১ স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি এবং ১৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের দৈনিক যুগান্তর এবং The Daily Dhaka Tribune পত্রিকায় প্রকাশিত, ০৯ সেপ্টেম্বর ২০২৪খ্রিঃ, তারিখের; ১২.২০.০০০০.০২০.১১.০০২.১৮.২৪৩১ স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসমূহে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে ইতোমধ্যে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের একই পদে পুনরায় আর আবেদন করার প্রয়োজন নাই।

১১। <u>আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ</u>

ক. আবেদনে ইচ্ছুক প্রার্থীগণ http://barc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১ জুলাই, ২০২৫ খ্রি:, সকাল ১০.০০ ঘটিকা।

II) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২০ জুলাই, ২০২৫ খ্রি:, বিকাল ৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত আবেদনকারীগণ Online এ আবেদন করার সময় হতে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে টাকা জমা দিতে পারবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবি এবং স্বাক্ষরের সর্বোচ্চ সাইজ যথাক্রমে 100 kb এবং 60 kb হতে হবে।

গ. যেহেতু Online এ পূরণকৃত আবেদনপত্রের সকল তথ্যই পরবর্তী কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র submit করার আগে প্রার্থী নিজে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা যাচাই করে শতভাগ নিশ্চিত হয়ে আবেদনপত্র submit করবেন।

ঘ. পরীক্ষা সংক্রান্ত যেকোন কাজের সহায়ক হিসেবে প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্র প্রিন্ট করে এক কপি সংরক্ষণ করবেন। মৌখিক পরীক্ষার সময় Online এ পূরণকৃত আবেদনপত্রের এক কপি জমা দিতে হবে।

ঙ. পরীক্ষার ফি জমাদানের জন্য SMS প্রেরণের নিয়মাবলীঃ

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণের পর নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর আপলোড করে আবেদন সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা হলে প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষর সম্বলিত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে প্রদত্ত User ID ব্যবহার করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে ১, ২ ও ৩ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ২০০ টাকা ও টেলিটক এর সার্ভিস চার্য (ভ্যাটসহ) ২৩ টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, ৪ ও ৫ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ১৫০ টাকা ও টেলিটক এর সার্ভিস চার্য (ভ্যাটসহ) ১৮ টাকাসহ মোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা, ৬ থেকে ১৩ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ১০০ টাকা ও টেলিটক এর সার্ভিস চার্য (ভ্যাটসহ) ১২ টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা, ১৪ ও ১৫ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০ টাকা ও টেলিটক এর সার্ভিস চার্য (ভ্যাটসহ) ৬ টাকাসহ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা জমা দিবেন, তবে অনগ্রসর নাগরিকদের জন্য সকল গ্রেডে আবেদন ফি ৫৬/-(ছাপ্পান্ন) টাকা। উল্লেখ্য যে, Online এ আবেদনপত্র Submit করার পর টাকা জমা না দিলে আবেদনপত্র কোনভাবেই গৃহীত হবে না।

<u>**১ম SMS:**</u> BARC <Space> USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARC ABCDEF.

Reply: Applicant's Name, Tk 223/168/112/56 will be charged as application fee, Your PIN is xxxxxxxx. To pay fee, Type BARC<Space>YES<Space> PIN, send to 16222.

<u>**২য় SMS:**</u> BARC<Space >YES<Space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARC. Your USER ID is (ABCDEF) and Password (xxxxxx).

২০/৬/২০২৫

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ০২-২২২২৪২৬২৮
ইমেইল: m.saif@barc.gov.bd